

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ইলেক্ট্রনিক স্মার্কর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের
নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়
আইটি সিকিউরিটি



বিষয়ঃ সিসিএ কার্যালয়ের ইনোভেশন কমিটির ১ম সভার কার্যবিবরণী।


সভাপতি	মোহাম্মদ রাশেদ ওয়াসিফ উপ-নিয়ন্ত্রক (রুটিন দায়িত্ব)
সভার তারিখ	২০/০৭/২০২০ খ্রি:
সভার সময়	সন্ধ্যা ০৭:৪০ ঘটিকা
স্থান	ভিডিও কনফারেন্স
উপস্থিতি	সভায় অংশগ্রহণকারীগণের নামের তালিকা পরিশিষ্ট “ক”- এ সংযুক্ত করা হলো।

সভার প্রারম্ভে সভাপতি অনলাইন কনফারেন্সে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সিসিএ কার্যালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অর্থবছরের স্ব-মূল্যায়ন প্রতিবেদন এবং ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা নির্ধারণ বিষয়ে সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র.নং	সভার আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১	সিসিএ কার্যালয়ের উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদনঃ বিগত ১৯/০৭/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগসহ এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ০৩ নং সিদ্ধান্তে উল্লেখ রয়েছে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০১৯-২০২০ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন এ বিভাগ কর্তৃক পর্যায়ক্রমে সকল প্রকার প্রমাণকের (ডকুমেন্ট) ভিত্তিতে যাচাই বাছাই করা হয়।আইসিটি বিভাগ কর্তৃক মূল্যায়নকৃত সিসিএ কার্যালয় এর প্রাপ্তনম্বর ৯২যা অতি উত্তম পর্যায়ে।	২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ১০০% বাস্তবায়নে ইনোভেশন টিমকে সচেষ্ট থাকতে হবে।	ইনোভেশন টিম
২	২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রেরণঃ মন্ত্রিপরিষদ বিভাগ হতে অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়নের লক্ষ্য নির্দেশিকা ও ছক প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশিকা ও ছক মোতাবেক এ কার্যালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন পূর্বক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে ২৫ জুলাই ২০২০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। সভায় ২০২০-২০২১ অর্থবছরের কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা সভায় উপস্থিত সকল সদস্যের মতামতের ভিত্তিতে নির্ধারণ করা হয়।	মন্ত্রিপরিষদ বিভাগ হতে অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়নের লক্ষ্য নির্দেশিকা ও ছক মোতাবেক এ কার্যালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন পূর্বক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে ২৫ জুলাই ২০২০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম
৩	সিএ লাইসেন্স ডিস্ট্রিবিউশন সিস্টেম সফটওয়্যারটির কমিটি কর্তৃক স্পেসিফিকেশন ও দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করা হয়েছে, যা অর্থ ও প্রশাসন শাখায় দরপত্র আহবানের নিমিত্ত প্রেরণ করা হয়েছে।	সিএ লাইসেন্স ডিস্ট্রিবিউশন সিস্টেম সফটওয়্যারটির দ্রুত দরপত্র আহবানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সিসিএ কার্যালয়ের অর্থ ও প্রশাসন শাখা

৪	”সফটওয়্যার লগইন অথেনটিকেশনে ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেটের ব্যবহার” উদ্ভাবনটির পাওয়ারপয়েন্ট প্রজেন্টেশন ও ডেমো প্রস্তুত করা হয়েছে।	”সফটওয়্যার লগইন অথেনটিকেশনে ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেটের ব্যবহার” উদ্ভাবনটির পাওয়ারপয়েন্ট প্রজেন্টেশন ও ডেমো সিসিএ মহোদয়ের সামনে উপস্থাপনের উদ্যোগ গ্রহন করতে হবে।	ইনোভেশন অফিসার
৫	সিসিএ কার্যালয়ের ওয়েবসাইটে ইনোভেশন কর্ণার ও ইনোভেশন সেবা বক্স হালনাগাদকরণ বিষয়ে আলোচনা হয়।	সিসিএ কার্যালয়ের ওয়েবসাইটে ইনোভেশন কর্ণার ও ইনোভেশন সেবা বক্স হালনাগাদ করতে হবে।	সিসিএ কার্যালয়ের ডাটাবেজ ও ওয়েব অ্যাডমিনিস্ট্রেটর শাখা
৬	বিবিধ	এ অর্থবছরের ইনোভেশন আইডিয়া গ্রহনসহ অন্যান্য কার্যক্রম নির্ধারিত সময়ের আগে সম্পন্নের ব্যবস্থা গ্রহন করতে হবে।	ইনোভেশন টিম

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ রাশেদ ওয়াসিফ
উপ-নিয়ন্ত্রক (রুটিন দায়িত্ব)

স্মারক নম্বর: ৫৬.০৩.০০০০.০০৩.০৫.০০৭.১৬.১২৪

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭

৩০ জুলাই ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ), ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয় [সদয় অবগতির জন্য]
- ২) সহকারী নিয়ন্ত্রক (রুটিন দায়িত্ব), অর্থ ও প্রশাসন , ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়
- ৩) সহকারী নিয়ন্ত্রক (রুটিন দায়িত্ব), আইটি সিকিউরিটি , ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়
- ৪) তদন্ত কর্মকর্তা (রুটিন দায়িত্ব), আইন , ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়
- ৫) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার , আইটি সিকিউরিটি , ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়



বেগম নাজনীন আক্তার
সহকারী প্রকৌশলী